

বাংলাদেশ নেভী মটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ, চট্টগ্রাম  
খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর একটি অঙ্গ সংগঠন

বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

**নিয়োগ বিজ্ঞপ্তি**

১। বাংলাদেশ নেভী মটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ, চট্টগ্রাম খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর একটি অঙ্গ সংগঠন। বাংলাদেশ নেভী মটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ, চট্টগ্রাম এর জন্য চুক্তিভিত্তিক/অস্থায়ীভাবে (দৈনিক ভিত্তিক) নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের লক্ষ্যে উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	০১ আগস্ট ২০১৮ পর্যন্ত বয়সসীমা	মন্তব্য
ক।	সহকারী প্রকৌশলী (চুক্তিভিত্তিক)	০২ জন	১। বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত পলিটেকনিক্যাল ইন্সটিটিউট হতে 'ডিপ্লোমা ইন অটো মোবাইল ইঞ্জিনিয়ারিং' (০৪ বছরের ডিপ্লোমা) পাশ সহ ন্যূনতম ৫ বছরের অটোমোবাইল সার্ভিসিং কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। ২। শিক্ষা জীবনে সকল স্তরে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। ৩। স্বনামধন্য অটোমোবাইল ওয়ার্কশপে Hybrid Vehicle Diagnosis ও রিপেয়ার/মেইনটেন্যান্স সংশ্লিষ্ট ফ্লোর ইঞ্জিনিয়ারের দায়িত্বে কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।	অনুর্ধ্ব ৩০ বছর	বেতন আলোচনা সাপেক্ষে
খ।	হিসাবরক্ষন কর্মকর্তা (চুক্তিভিত্তিক)	০১ জন	১। হিসাব বিজ্ঞান বিভাগে স্নাতকোত্তর ডিগ্রী সহ ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা অথবা স্নাতক ডিগ্রী সহ ৬ (ছয়) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন।		
গ।	উপ-সহকারী প্রকৌশলী (চুক্তিভিত্তিক)	০২ জন	১। বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত পলিটেকনিক্যাল ইন্সটিটিউট হতে 'ডিপ্লোমা ইন অটোমোবাইল/ পাওয়ার ইঞ্জিনিয়ারিং' (ন্যূনতম ০৪ বছরের ডিপ্লোমা) এ পাশকৃত। ২। শিক্ষা জীবনে সকল স্তরে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। ৩। স্বনামধন্য অটোমোবাইল ওয়ার্কশপে Vehicle রিপেয়ার ও মেইনটেন্যান্স সংশ্লিষ্ট বাস্তব ভিত্তিক কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।		
ঘ।	অটো মেকানিক-৪ জন অটো ইলেকট্রিশিয়ান-২ জন অটো ডেন্টিং টেকনিশিয়ান-২ জন অটো পেইন্টার-৪ জন কার ক্লিনার-১ জন (অস্থায়ী/দৈনিক ভিত্তিক)	১৩ জন	১। সংশ্লিষ্ট ট্রেডে এসএসসি কোর্স/ভোকেশনাল/সমমান পাশ। ২। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।		

২। বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

৩। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৪। প্রার্থীকে ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা বরাবর আবেদন করতে হবে। আবেদনে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বোর্ড, বিভাগ/জিপিএসহ) এবং অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে। প্রার্থীকে আবেদন পত্রে অবশ্যই মোবাইল/ফোন নম্বর উল্লেখ্য করতে হবে।

৫। আবেদন পত্রের সহিত সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা/ নাগরিকত্ব সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্র (সত্যায়িত ফটো কপি) ও সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। (মৌখিক সাক্ষাৎকার এর সময় সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার মূল সনদ অবশ্যই সাথে আনতে হবে।

৬। ক্রমিক “ক”, “খ” ও “গ” পদের অনুকূলে ৩০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং ক্রমিক নং “ঘ” পদের অনুকূলে ৫০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহ আবেদনপত্র আগামী ১৮ আগস্ট ২০১৮ এর মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা বরাবরে পৌঁছাতে হবে।

৭। প্রার্থীর বয়সসীমা ০১ আগস্ট ২০১৮ তারিখে ১৮-৩০ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে অভিজ্ঞ/ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। বেতন/ মজুরী অত্র প্রতিষ্ঠানের কাঠামো অনুযায়ী (আলোচনা সাপেক্ষে) নির্ধারণ করা হবে।

৮। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না। অসম্পূর্ণ/ ক্রটিপূর্ণ বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ/ যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ব্যবস্থাপনা পরিচালক  
খুলনা শিপইয়ার্ড লিমিটেড  
বাংলাদেশ নৌবাহিনী  
খুলনা